দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 31 OCT 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

# চবি ভর্তি পরীক্ষায় জালিয়াত চক্রের চার সদস্য আটক

■ চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের 'ই' ইউনিটের (আইন অনুষদ) ভর্তি পরীক্ষায় জালিয়াতি করে পরীক্ষায় অংশ নেয়ায় গত শনিবার জীববিজ্ঞান অনুষদ থেকে চারজনকে আটক করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরে তাদের হাটহাজারী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়। আটককৃতরা হলেন, উম্মে হাবিবা, মো. শোয়েব, মো. মোস্তফা মাইনুদ্দিন ওরফে মারুফ, সোহেল রানা ওরফে হোসাইন আহমদ সোহেল।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ আলী আজগর চৌধুরী বলেন, আটককৃতদের মধ্যে মোস্তফা মাইনুদ্দিন মারুফের কাছে ভুয়া সত্যায়িত করার সিল ও স্ট্যাম্পপ্যাড পাওয়া যায়। জিজ্ঞাসাবাদের সময় তার মোবাইল ফোনে আটটি বার্তা আসে। এগুলো থেকে পরীক্ষায় জালিয়াতির সঙ্গে তার সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া যায়। এ বার্তাগুলো আসে সোহেল রানা নামের একজনের মোবাইল ফোন থেকে। পরে তাকেও জিজ্ঞাসাবাদ করলে তিনি নিজেকে সোহেল রানার খালাতো ভাই ও সোহেল রানার প্রকৃত নাম হোসাইন আহম্মদ সোহেল বলে দাবি করেন। আটককৃতদের হাটহাজারী থানার পুলিশের কাছে হস্তান্তর করা হয়।